৩. লাল কালিতে লেখা দিনগুলি কী বার?
৪. এক বছরের ক্যালেন্ডারে এইরকম কয়টি মাস থাকে?
৫. এই মাসটি কী বার থেকে শুরু?
৬. এই মাসটি কী বারে শেষ হচ্ছে?
৭. এই মাসে কয়টি বৃহস্পতিবার?
৮. কোন্ কোন্ বারে ৪টি করে দিন রয়েছে?
৯. তিতিরের স্কুলে গরমের ছুটি কী বার থেকে পড়ছে?
১০. তিতির কী বার বেড়াতে যাচ্ছে?
১১. তিতির যদি ৬ দিন পর ফেরে, তাহলে সে কী বার ফিরবে?

রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহস্পতি	শুক্র	শনি
				1	2	3
4	5	6	7	8	9	10
11	12	13	14	15	16	17
18	19	20	21	22	23	24
25	26	27	28	29	30	

আয়েশা ২০২১ সালের ক্যালেন্ডার খুলে ২০২২ সালের ক্যালেন্ডার দেওয়ালে টাঙালো। ২০২১ সালের ক্যালেন্ডারে সে গুনে দেখল ১২টা মাস রয়েছে। আবার ২০২২ সালের ক্যালেন্ডারেও একই ১২টা মাস রয়েছে।

আয়েশা খাতায় লিখল,

$$\begin{aligned} ১ বছরে &= ১২ মাস \\ ২ বছরে &= (১২ মাস + ১২ মাস) \\ &= ২৪ মাস \end{aligned}$$

অন্যভাবে,

$$\begin{aligned} ১ বছরে &= ১২ মাস \\ ২ বছরে &= (১২ \times ২) মাস \\ &= ২৪ মাস \\ ৩ বছরে &= (১২ \times ৩) মাস \\ &= ৩৬ মাস। \end{aligned}$$

তাহলে আমরা দেখি, ৪ বছরে = \times মাস = মাস

৫ বছরে = \times মাস = মাস

গড় পাঠ - ২১

শিক্ষার্থীরা এই পাঠ থেকে —

- গড়ের ধারণা প্রকাশ করতে পারবে।
- বাস্তব সমস্যার সমাধান করতে পারবে।
- গড় থেকে সমষ্টি নির্ণয় করতে পারবে।

রুকিয়া, পামেলা ও মহুয়া তিনবন্ধু মিলে মালা তৈরি করবে বলে ঠিক করল। তারা ফুল তুলে আনল মালা তৈরির জন্য। রুকিয়া আনল ১০টি ফুল, পামেলা আনল ৯টি ফুল ও মহুয়া আনল ৮টি ফুল।

দেখি, তারা মোট কত ফুল আনল—

রুকিয়া এনেছিল	<input type="text"/>	টি ফুল
পামেলা এনেছিল	<input type="text"/>	টি ফুল
মহুয়া এনেছিল	<input type="text"/>	টি ফুল
<hr/>		
মোট তিনজনে মিলে	<input type="text"/>	টি ফুল এনেছিল

তাদের কাকিমা এসে বললো, তিনজনে যেন সমান সংখ্যক ফুলের মালা তৈরি করে।

তাহলে, মোট ফুল তিনবন্ধু সমান ভাগে ভাগ করে নেবে।

দেখি তাহলে সবাই কয়টি করে ফুল পায়—

$$\begin{array}{r} \boxed{\text{মোট তুলে আনা ফুল}} \div \boxed{\text{বন্ধু সংখ্যা}} = \boxed{\text{প্রত্যেকে গড়ে যে কয়টি ফুল পেল}} \\ \boxed{২৭} \div \boxed{৩} = \boxed{} \end{array}$$

সুতরাং, এই প্রত্যেকে যে কটা ফুল পেল, সেটাই হল গড়মান।

অর্থাৎ প্রত্যেকে টি করে ফুল পেলে তারা সমান সংখ্যক ফুলের মালা তৈরি করতে পারবে।

এইভাবে আমরা আরও দেখি :

$$\begin{array}{l} ৩টি তাকে মোট টি + টি + টি \\ = টি বই আছে। \end{array}$$

$$\text{তাই প্রতি তাকে গড়ে } \div \text{ টি} = \text{ টি বই আছে।}$$



এবার এইভাবে আমরা আরও দেখি :

ছাত্রীদের খাতা দেওয়ার জন্য বিদ্যালয়ে তিন বাস্ক খাতা এল। প্রথম বাস্কে ২২টি খাতা, দ্বিতীয় বাস্কে ১৫টি খাতা ও তৃতীয় বাস্কে ১১টি খাতা এল। ক্লাসে যদি ৮ জন ছাত্রীকে সমান সংখ্যক খাতা দেওয়া হয়, তাহলে প্রত্যেকে কয়টি করে খাতা পাবে হিসাব করি।

মোট খাতার হিসাব—

প্রথম বাস্কে	<input type="text"/>	টি খাতা
দ্বিতীয় বাস্কে	<input type="text"/>	টি খাতা
তৃতীয় বাস্কে	<input type="text"/>	টি খাতা
<hr/>		
মোট আছে	<input type="text"/>	টি খাতা

এখন এই খাতা ৮ জনকে সমান ভাগে ভাগ করে দেওয়া হল :

$$\begin{array}{r} \boxed{\text{মোট খাতা সংখ্যা}} \div \boxed{\text{ছাত্রী সংখ্যা}} = \boxed{\text{প্রত্যেকে যে কটি করে খাতা পাবে}} \\ \boxed{\phantom{\text{মোট খাতা সংখ্যা}}} \div \boxed{\phantom{\text{ছাত্রী সংখ্যা}}} = \boxed{\phantom{\text{প্রত্যেকে যে কটি করে খাতা পাবে}}} \end{array}$$

∴ প্রত্যেকে গড়ে টি করে খাতা পাবে।

নিজে করি :

- তাতাই সপ্তাহের শেষ চার দিন যথাক্রমে ৩ লিটার, ৪ লিটার, ৩ লিটার ও ২ লিটার জল পান করল। তাতাই চারদিন গড়ে কত লিটার করে জল পান করেছে হিসাব করি।
- আমাদের ধোপা গত সপ্তাহে যথাক্রমে ১৪টি, ১৫টি, ১৩টি, ১২টি, ১৫টি, ১১টি ও ১৮টি জামাকাপড় ধুয়েছে। ধোপাটি প্রতিদিন গড়ে কয়টি জামাকাপড় ধুয়েছে হিসাব করি।

সরল অঙ্ক

পাঠ - ২৩

শিক্ষার্থীরা এই পাঠ থেকে —

- নির্দেশ অনুযায়ী পাশাপাশি যোগ-বিয়োগ করতে পারবে।
- সরলীকরণের ঠিক পদ্ধতি নির্বাচন করতে পারবে।
- বাস্তব সমস্যার সরলীকরণ করতে পারবে।

স্কুল থেকে বাড়ি ফেরার পথে মীরা দেখল বাসস্ট্যান্ডে ৫টি বাস দাঁড়িয়েছিল। সেখানে একটু পরে আরও ৩টি বাস এলো। যাত্রী ভর্তি হয়ে যাওয়ায় বাসস্ট্যান্ড থেকে ২টি বাস ছেড়ে দিলো। এখন বাসস্ট্যান্ডে কয়টি বাস আছে হিসাব করি।

প্রথমে বাসস্ট্যান্ডে ছিলো টি বাস

একটু পরে সেখানে এলো টি বাস

এখন বাসস্ট্যান্ডে বাস আছে $(৫ + ৩)$ টি = টি বাস।

যাত্রী ভরতি হওয়ায় বাসস্ট্যান্ড থেকে ছেড়ে দিলো ২টি বাস।

এখন বাসস্ট্যান্ডে রইল $(৮ - ২)$ টি = টি বাস।

তাহলে আমরা করলাম $৫ + ৩ - ২$

$$= \text{} - ২$$

$$= \text{}$$

বাড়িতে বিস্কুটের কৌটায় ১২টি বিস্কুট ছিলো। আমি ও আমার ভাই মিলে ৮টি বিস্কুট খেয়ে নিলাম। রাত্রে মা আবার বিস্কুটের কৌটায় ৫টি বিস্কুট ভরে রাখল। এখন বিস্কুটের কৌটায় কটি বিস্কুট আছে হিসাব করি।

বিস্কুটের কৌটায় ছিলো টি বিস্কুট

আমি আর ভাই মিলে খেলাম টি বিস্কুট

বিস্কুটের কৌটায় পড়ে আছে $(১২ - ৮)$ টি = টি বিস্কুট

মা রাত্রে কৌটায় ভরে রাখলো ৫টি বিস্কুট।

এখন বিস্কুটের কৌটায় আছে $(৪ + ৫)$ টি = টি বিস্কুট।

গণিতের ভাষায় ছোটো করে পাই, $১২ - ৮ + ৫$

$$= \text{} + ৫$$

$$= \text{}$$

রফিকদের বাড়িতে ঈদের অনুষ্ঠানে ৪০ জনের নিমন্ত্রণ ছিলো। প্রথম ধাপে তারা ১৮ জনকে আপ্যায়ন করলো এবং পরে দ্বিতীয় ধাপে ১৪ জনকে তারা আপ্যায়ন করলো। কতজন অতিথি আসা এখনও বাকি আছে হিসাব করি।

নিমন্ত্রণ করা অতিথি সংখ্যা জন

প্রথম ধাপে অতিথি এলো জন

বাকি অতিথি $(৪০ - ১৮)$ জন = জন

দ্বিতীয় ধাপে অতিথি এলো জন

∴ অতিথি আসা বাকি রইল $(২২ - ১৪)$ জন = জন

∴ গণিতের ভাষায় ছোটো করে পাই, $৪০ - ১৮ - ১৪$

$$= \text{} - ১৪$$

$$= \text{$$

এইভাবে আরও করে দেখি :

$$৩৫ + ১৫ - ১০$$

$$= \text{} - ১০$$

$$= \text{$$

$$৪৮ - ৩২ + ১১$$

$$= \text{} + ১১$$

$$= \text{$$

$$৫১ - ৩০ - ১২$$

$$= \text{} - ১২$$

$$= \text{$$


সংখ্যার বিন্যাস

পাঠ - ২৫

শিক্ষার্থীরা এই পাঠ থেকে —

- একাধিক সংখ্যার বিশেষ বিন্যাসের নিয়ম আবিষ্কার করে পরের সংখ্যাগুলো লিখতে পারবে।
- যুক্তি প্রতিষ্ঠা করে অঙ্কের মজা উপলব্ধি করবে।


রেলগাড়ির কামরায় সংখ্যা বসাই,



ফুলের পাপড়িতে সংখ্যা লিখি :



শূন্যস্থানে কী বসবে বুঝে লিখি



সারি তৈরি করার চেষ্টা করি :




১১১, ২২২, , ৪৪৪, , ৬৬৬

৭৩, ৭৪, ৭৫, , , , ৭৯

৩০০ ৩০৪ ৩০৮

৫, ১০, ১৫ ২৫ ৩৫

হারিয়ে যাওয়া সংখ্যা খুঁজি :



দুটো ২ দিয়ে মজা করি :

তাহলে আমরা দুটো ২ দিয়ে ৪, ০, ১ প্রভৃতি সংখ্যাগুলো পেতে পারি।

$$২ + ২ = \boxed{৪}$$

$$২ - ২ = \boxed{০}$$

$$২ \times ২ = \boxed{৪}$$

$$২ \div ২ = \boxed{১}$$

তাহলে দুটো ৩ দিয়ে কী কী সংখ্যা করতে পারি দেখি।

তিনটে ২ দিয়ে মজা করি :

$$২ + ২ + ২ = \boxed{৬}$$

$$২ + ২ - ২ = \boxed{২}$$

$$২ \times ২ + ২ = \boxed{৬}$$

$$২ \times ২ - ২ = \boxed{২}$$

$$২ - ২ \times ২ = \boxed{০}$$

$$২ + ২ \times ২ = \boxed{৬}$$

$$২ \times ২ \div ২ = \boxed{২}$$

$$২ + ২ \div ২ = \boxed{২}$$

$$২ \div ২ \times ২ = \boxed{২}$$

এবার তিনটে ৩ দিয়ে কী কী সংখ্যা করতে পারি দেখি।

শেখার সেতু

আমাদের পরিবেশ



सत्यमेव जयते

বিদ্যালয় শিক্ষাবিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
বিকাশ ভবন,
কলকাতা - ৭০০০৯১

পশ্চিমবঙ্গ সমগ্র শিক্ষা মিশন
বিকাশ ভবন,
কলকাতা - ৭০০০৯১

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ
আচার্য প্রফুল্লচন্দ্র ভবন
কলকাতা - ৭০০০৯১

বিশেষজ্ঞ কমিটি
নিবেদিতা ভবন, পঞ্চমতল
বিধাননগর,
কলকাতা : ৭০০০৯১

বিশেষজ্ঞ কমিটি পরিচালিত পাঠ্যপুস্তক প্রণয়ন পর্ষদ

অভীক মজুমদার
চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

মানিক ভট্টাচার্য
সভাপতি, পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ

পরিকল্পনা • সম্পাদনা • তত্ত্বাবধান

ঋত্বিক মল্লিক পূর্ণেন্দু চ্যাটার্জী রাতুল গুহ

বিষয় নির্মাণ, সম্পাদনা ও বিন্যাস

অনিন্দিতা দে

মহঃ মাসুদ আখতার

ইন্ডিয়ান ইন্সটিটিউট অফ এডুকেশন

ড. ধীমান বসু

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা
1. শরীর	1
2. খাদ্য	7
নমুনা প্রশ্নপত্র ১	14
3. পোশাক	15
4. ঘরবাড়ি	20
নমুনা প্রশ্নপত্র ২	26

ব্রিজ মেটিরিয়াল ব্যবহার প্রসঙ্গে

- ব্রিজ মেটিরিয়ালটি শিক্ষার্থীদের কাছে একটি ‘অ্যাকসিলারেটেড লার্নিং প্যাকেজ’ হিসেবে কাজ করবে।
- অতিমারির কারণে শিক্ষার্থীদের বিদ্যালয়ে দীর্ঘদিন অনুপস্থিতির জন্য শিখনের ক্ষেত্রে যে ঘাটতি তৈরি হয়ে থাকতে পারে, এই ব্রিজ মেটিরিয়ালটি সেই ঘাটতি পূরণে সহায়ক হবে।
- অন্তত ১০০ দিন ধরে সব শিক্ষার্থীর জন্যই ব্রিজ মেটিরিয়ালটি ব্যবহৃত হবে। প্রয়োজনে, বিশেষ কিছু শিক্ষার্থীর জন্য মেটিরিয়ালটির ব্যবহারের মেয়াদ আরও কিছু দিন বাড়ানো যেতে পারে।
- এই ব্রিজ মেটিরিয়ালটির মূল ফোকাস গত দুটি শিক্ষাবর্ষের দুটি শ্রেণির বিষয়ভিত্তিক গুরুত্বপূর্ণ শিখন সামর্থ্যের সঙ্গে বর্তমান শিক্ষাবর্ষের বা শ্রেণির সংশ্লিষ্ট প্রয়োজনীয় বিষয়গুলি ব্রিজ মেটিরিয়ালে অন্তর্ভুক্ত করা।
- বেশ কিছু ক্ষেত্রে এই মেটিরিয়ালটির কিছু অংশ প্রবেশক (foundation study content) হিসেবে কাজ করবে।
- যেহেতু ব্রিজ মেটিরিয়ালটি কাম্য শিখন সামর্থ্যের ভিত্তিতে তৈরি, তাই শিক্ষিকা/শিক্ষকদের এই মেটিরিয়ালটি ব্যবহারের ক্ষেত্রে একটি সার্বিক ভাবনা যেন ক্রিয়াশীল থাকে।
- প্রয়োজন বুঝে শিক্ষিকা/শিক্ষক এই ব্রিজ মেটিরিয়ালের সঙ্গে পাঠ্য বইকে জুড়ে নিতে পারেন।
- এই ব্রিজ মেটিরিয়ালটি নির্দিষ্ট সিলেবাস প্রস্তাবিত বিষয়ের ক্ষেত্রেই ব্যবহৃত হবে।
- এই ব্রিজ মেটিরিয়ালের ওপরেই শিক্ষার্থীদের নিয়মিত মূল্যায়ন চলবে।

তোমরা এই বিষয়টি পড়ার পর :

- পাঁচটি ইন্দ্রিয়ের নাম উল্লেখ করতে পারবে।
- পাঁচটি ইন্দ্রিয়ের কাজ ব্যাখ্যা করতে পারবে।
- বিভিন্ন ধরনের খেলায় কোন কোন অঙ্গের ব্যবহার হয় তা চিহ্নিত করতে পারবে।
- শরীরের বিভিন্ন অঙ্গের যত্ন কীভাবে নিতে হবে তা আলোচনা করতে পারবে।
- বিভিন্ন খেলাধুলা ও ব্যায়ামের উপকারিতা ব্যাখ্যা করতে পারবে।

মানুষের পাঁচটি ইন্দ্রিয়



চোখ, কান, নাক, জিভ আর চামড়া — এই পাঁচটা অঙ্গ হলো পাঁচটা ইন্দ্রিয়। তোমরা তোমাদের চারপাশের প্রকৃতির রূপ দেখতে পাও। পাখির ডাক শুনতে পাও। সুন্দর খাবারের গন্ধ নাকে আসে। জিভ দিয়ে নানারকম খাবারের স্বাদ গ্রহণ করো। আবার শরীরের কোনো জায়গায় খোঁচা লাগলে তোমরা ব্যথা পাও। তোমাদের চামড়ার সাহায্যে তোমরা ব্যথার অনুভূতি টের পাও।

নীচের ঘটনাগুলোয় তোমার যে ইন্দ্রিয় সাদা দেয় তাদের নাম লেখো।

ঘটনা	ইন্দ্রিয়ের নাম
উচ্ছে খেলে তেতো লাগা	
জুই ফুলের সুন্দর গন্ধ পাওয়া	
স্কুলের ঘণ্টার আওয়াজ শুনতে পাওয়া	
গোলাপের কাঁটার খোঁচা লাগা	
সূর্য উঠছে দেখতে পাওয়া	

অনেক মানুষের একটা ইন্দ্রিয় হয়তো অকেজো। তাঁরা তখন অন্যান্য ইন্দ্রিয়ের সাহায্যে তাঁদের চারপাশের পরিবেশ সম্বন্ধে জানতে পারেন। তোমার পরিচিত কোনো মানুষ হয়তো চোখে দেখতে পান না। কিন্তু তিনি তোমার গলা শুনে তোমায় সহজেই চিনে নেন।

গোলাপ গাছে কাঁটা থাকে। হঠাৎ করে হাতে কাঁটা ফুটলে অনেক সময় চোখে জল চলে আসে। এর কারণ কী? তোমরা জেনেছ যে চামড়াও একটা ইন্দ্রিয়। **কাঁটা ফোটার অনুভূতি তোমরা চামড়ার সাহায্যে টের পেলে।** এরপর শরীরে কিছু ঘটনা ঘটলো। যার ফলে ওই ব্যথার অনুভূতিতে চোখে জল চলে এলো। **আসলে চারপাশের পরিবেশের প্রভাবে ইন্দ্রিয়গুলো সাড়া দেয়।** যেমন— চোখে আলো পড়লে চোখ বুজে যায়, বাজ পড়ার শব্দে কানে তালা ধরে।








ইন্দ্রিয়গুলোর কাজ লেখো।

চোখ	কাজ
কান	কাজ
নাক	কাজ
জিভ	কাজ
চামড়া	কাজ

বিভিন্ন খেলায় শরীরের বিভিন্ন অঙ্গের ব্যবহার

নীচের সারণিতে দেওয়া ছবিগুলো দেখো। খেলার নাম লেখো আর শরীরের কোন অংশ বেশি কাজে লাগে তা লেখো।

খেলার ছবি	কী খেলা	খেলায় শরীরের যে অংশ বেশি কাজে লাগে
		
		
		

খেলার ছবি	কী খেলা	খেলায় শরীরের যে অংশ বেশি কাজে লাগে
		
		

- ◆ ওপরের সারণিটা পূরণ করার সময় তোমরা দেখলে যে বিভিন্ন খেলায় তোমরা শরীরে বিভিন্ন অঙ্গ ব্যবহার করো। তবে সব খেলায় সব অঙ্গের সমান ব্যবহার হয় না।
- ◆ স্কিপিং-এ আঙুল, কবজি, কনুই, কাঁধ — সব অঙ্গেরই কাজ হয়।
- ◆ আবার ব্যাডমিন্টন-এ হাত এবং পা দুয়েরই কাজ হয়।
- ◆ ক্রিকেট খেলায় ব্যাট করা, বল করা, ফিল্ডিং করা, রান নেওয়া— সবকিছুতেই হাত আর পায়ের কাজ আছে।
- ◆ ফুটবল খেলায় আবার খুব ছুটে হয়। অর্থাৎ পায়ের কাজ খুব বেশি হয়।
- ◆ দৌড়োনের সময়ও পায়ের কাজ খুব বেশি হয়।



শরীরের বিভিন্ন অঙ্গের যত্ন

শরীরের বিভিন্ন অঙ্গের নিয়মিত যত্ন নেওয়া খুবই জরুরি। সুস্থ জীবনযাপনের জন্য শরীরের বিভিন্ন অঙ্গ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার দিকে নজর দিতে হবে। তোমরা তো অনেকরকম খেলা খেলো। কানামাছি ভাঁ ভাঁ খেলার সময় যদি কানে ঠিকমতো শুনতে না পাও তাহলে কী হবে ভেবে দেখোতো?

কানের যত্ন

কানের যত্ন নিতে হবে। নিয়মিত কান পরিষ্কার করতে হবে। তবে তা করতে হবে খুব সাবধানে। কারণ কানের ভেতরে একটা পাতলা পর্দা আছে। কোনো তীক্ষ্ণ জিনিস দিয়ে কান পরিষ্কার করলে এই পাতলা পর্দার স্থায়ী ক্ষতি হতে পারে। তখন কানে শুনতে সমস্যা হবে।

চোখের যত্ন

সকালে ঘুম থেকে উঠে চোখে জল দিয়ে পরিষ্কার করতে হয়।

অনেকসময় ক্লাসে দূর থেকে ব্ল্যাকবোর্ডের লেখা স্পষ্টভাবে দেখতে অসুবিধে হয়। বই পড়তে গেলে মাথা ব্যথা করে বা চোখ দিয়ে জল পড়ে। চোখের খুব কাছে বই নিয়ে পড়তে হয়। এরকম হলে বুঝতে হবে যে দূরের জিনিস দেখতে তোমার অসুবিধে হচ্ছে। তোমাকে অবশ্যই চোখের ডাক্তারের কাছে যেতে হবে।




দাঁতের যত্ন

সকালে ঘুম থেকে উঠে দাঁত মাজা আর মুখ ধোওয়া জরুরি। তা না হলে দাঁতে নোংরা জমে। এই নোংরা নিয়মিত পরিষ্কার না করলে দাঁতের ক্ষতি হতে পারে। দাঁত মাজার সময় নীচের দাঁতে তলা থেকে ওপরের দিকে আর ওপরের দাঁতে ওপর থেকে নীচের দিকে ব্রাশ টানতে হয়। আবার মুখ না ধুলে মুখে গন্ধ হয়।

গা, হাত, পায়ের যত্ন

আঙুলের নখের নীচে নোংরা জমে। আগে নেল-কাটার দিয়ে নখ কেটে নিতে হবে। তারপর সাবান দিয়ে হাত ধুয়ে নিতে হবে।

ব্লেন্ড দিয়েও নখ কাটা যায়। তবে খুব সাবধানে কাটতে হয়। নইলে আঙুল কেটে যেতে পারে।



শীতকালে পায়ের পাতা, গোড়ালি ফেটে যায়। নোংরা জমে। সাবান দিয়ে পরিষ্কার করা জরুরি।

নীচের সারণিতে শরীরের বিভিন্ন অঙ্গে নোংরা জমার কথা বলা হয়েছে। তুমি কীভাবে ওইসব অঙ্গের যত্ন নেবে তা নীচে লেখো।

ঘটনা	কীভাবে যত্ন নেবে
দাঁতে নোংরা জমা	
গোড়ালিতে নোংরা জমা	
নখের নীচে নোংরা জমা	
হাতের আঙুলের ফাঁকে নোংরা জমা	

খেলাধুলা আর ব্যায়াম

আমাদের শরীরের অনেক জায়গায় হাড়ের জোড় আছে।
শরীরের ওইসব জায়গা ভাঁজ করা যায়। যেমন- আমাদের কনুই।

তোমাদের শরীরে কোথায় কোথায় হাড়ের জোড় আছে নীচের
সারণিতে লেখো।

শরীরে কোথায় কোথায় হাড়ের জোড় আছে ?

১. কবজি
- ২.
- ৩.
- ৪.
- ৫.



সাঁতার কাটলে বা ব্যায়াম করলে শরীরের ওইসব
হাড়ের জোড়ের নাড়াচাড়া হয়। তাই ওইসব জায়গা
সুস্থ থাকে। ধরো তুমি দু-হাত ওপরে তুলে ব্যায়াম
করছো। এতে হাত আর কাঁধের জোড়ের নাড়াচাড়া
হচ্ছে।

আবার সাঁতার কাটলে সারা শরীরের সব জোড়ের
নাড়াচাড়া হয়। সাঁতার কাটার সময় লম্বা শ্বাস নিতে
হয়। এতে শরীরের খুব উপকার হয়। ফুটবল, ক্রিকেট,
কাবাডি বা ব্যাডমিন্টন খেললেও শরীরের অনেক
জায়গার ব্যায়াম হয়।

মনে রাখা জরুরি :

- মানুষের পাঁচটি ইন্দ্রিয় — চোখ, কান, নাক, জিভ, চামড়া।
- বিভিন্ন ধরনের খেলায় শরীরের বিভিন্ন অঙ্গের ব্যবহার হয়। তবে সব খেলায় সব অঙ্গের সমান ব্যবহার হয় না।
- সুস্থ জীবনযাপনের জন্য শরীরের বিভিন্ন অঙ্গ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার দিকে নজর দেওয়া জরুরি।
- খেলাধুলা আর ব্যায়াম করলে শরীরের বিভিন্ন জোড়ের নাড়াচাড়া হয়। তাই শরীরের ওইসব জায়গা সুস্থ থাকে।

তোমরা এই বিষয়ে তৃতীয় শ্রেণির 'শরীর' অধ্যায়ে বিস্তারিতভাবে জানবে।

নমুনা প্রশ্ন

১. ঠিক উত্তরটি বেছে নাও :

আঙুলে কাঁটা ফুটলে ব্যথা বুঝতে পারা যায় যে ইন্দ্রিয়ের সাহায্যে সেটি হলো — (ক) চামড়া (খ) কান (গ) চোখ (ঘ) নাক।

২. শূন্যস্থান পূরণ করো :

কানের ভেতর একটা পাতলা _____ আছে।

৩. ঠিক বাক্যের পাশে '✓' আর ভুল বাক্যের পাশে 'x' চিহ্ন দাও :

সাঁতার কাটলে একসঙ্গে শরীরের অনেক জায়গার ব্যায়াম হয়।

৪. একটি বাক্যে উত্তর দাও :

ব্লেন্ড দিয়ে নখ কাটতে গেলে কী বিপদ হতে পারে?

৫. একটি বা দুটি বাক্যে উত্তর দাও :

৫.১ সাঁতার কাটার উপকারিতা কী কী?

৫.২ দাঁত ভালো রাখতে কী কী অবশ্যই করা উচিত?

তোমরা এই বিষয়টি পড়ার পর :

- খাদ্যের প্রাথমিক ধারণা ব্যাখ্যা করতে পারবে।
- বিভিন্ন উদ্ভিজ্জ ও প্রাণীজ খাদ্যকে চিহ্নিত করতে এবং তাদের তালিকা তৈরি করতে পারবে।
- বিভিন্ন পরিচিত উদ্ভিজ্জ খাদ্যের কোনটা উদ্ভিদের কোন অংশ তা উল্লেখ করতে পারবে।
- কেন শাকসবজি আর ফল খাওয়া দরকার তা ব্যাখ্যা করতে পারবে।
- খাবার কীভাবে নষ্ট হয় তা উল্লেখ করতে পারবে।
- খাবার কীভাবে রান্না করা হয় আর রান্না করতে কী ধরনের বাসনপত্র লাগে তা বর্ণনা করতে পারবে।
- আগুনের ব্যবহারে মানুষের খাদ্যাভ্যাস কীভাবে বদলালো তা বর্ণনা করতে পারবে।

নানান স্বাদের নানান খাবার

নানান খাবারের নানান রকমের স্বাদ। কোনটা মিষ্টি, কোনটা টক, কোনটা ঝাল, কোনটা তেতো আবার কোনটা নোনতা। যে যা খেতে ভালোবাসে তা দেখলে অনেকসময় জিভে জল আসে। খাবারের স্বাদ আমরা জিভের সাহায্যেই বুঝতে পারি। জিভের জলকে কী বলে জানো?—লালা। ভাত-মুড়ি-খই-চিঁড়ে-রুটি এসব খাবার হজম করতে লালা খুব দরকারী।

কোন খাবারের কেমন স্বাদ তা লেখো তো।

খাবার	স্বাদ
১. রসগোল্লা	
২. কাঁচালঙ্কা	
৩. কাঁচা আম	
৪. নিমকি	

খাবার বলতে কী বোঝায় ?

যা খেয়ে হজম করা যায় তা হলো খাবার জিনিস বা খাদ্য। কিছু জিনিস আছে যার এক অংশ মানুষের খাদ্য, অন্যান্য অংশ মানুষের খাদ্য নয়। মানুষ যেসব অংশ খায়না তার কিছুটা নানান প্রাণীরা খায়। এই প্রাণীগুলো হলো গোরু, মোষ, ছাগল; কুকুর, বেড়াল, কাক, হাঁদুর, ছুঁচো। আম, কুল, আপেল, পেঁপে এসবের শাঁসটুকু আমাদের খাদ্য, কিন্তু এসব ফলের খোসা বা বীজ আমাদের খাদ্য নয়। এইসব অংশ খায় গোরু, ছাগল, মোষ এইসব প্রাণীরা। আবার মাছের নাড়িভুঁড়ি, কাঁটা, হাড়, চামড়ার টুকরো এসব খায় কুকুর, বেড়াল, কাক, হাঁদুর, ছুঁচো। পোকামাকড়রাও এসব খায়। পিঁপড়েকে মাছের টুকরো কি কাঁটা নিয়ে যেতে দেখো নি?

নীচের জিনিসগুলোকে সারণিতে যেমনভাবে ভাগ করতে বলা হয়েছে তেমনভাবে ভাগ করে লেখো। ভাত, খড়, রুটি, খই, কলার খোসা, আমের শাঁস, ভুট্টাদানা, আমের খোসা, ঘাস, মাছের নাড়িভুঁড়ি, কাঁঠালের বীজ, সরষের খোল।

মানুষের খাদ্য	মানুষের খাদ্য নয়

কিন্তু খাবারের ভালোমন্দ আছে—অনেক সময় খেয়েও শরীর খারাপ হতে পারে। নানান কারণে খাবার পচে যায়, তখন কেউ সেই খাবার খেলে শরীর খারাপ হয়। কিন্তু কী করে খাবার নষ্ট হয়?—অনেক রকমের খুব ছোটো ছোটো জীব আছে যাদের খালি চোখে দেখা যায় না। এদের মধ্যে কোনো কোনো জীবই খাবারকে নষ্ট করে দেয়। অনেক সময় তাতে খাবারে খারাপ গন্ধ বেরোয়। আমরা বলি ‘খাবারটা পচে গেছে’। আবার অনেক সময় এখান-ওখান থেকে নানান রোগের জন্য দায়ী জীবরাও খাবারে এসে পড়ে। তখনও সেই খাবার খেলে শরীর খারাপ হয়। ছাতা বা ছত্রাকও হলো জীব। ছাতা ধরেছে এমন খাবার—পাঁউরুটি, কেক, ফল—এসব খেলেও শরীর খারাপ হতে পারে। এই কারণেই ছাতাধরা খাবার খেতে বারণ করা হয়।



কমলালেবুতে ছাতা ধরেছে



পাঁউরুটিতে ছাতা ধরে নষ্ট হয়ে গেছে

এসো সবাই একটু দেখি, খাদ্যগুলোর কোনটা যে কী ?

গাছ থেকে আমরা নানান রকমের খাদ্য পাই। এইসব খাদ্যের সবই কিন্তু গাছের ফল নয়। এসব হলো গাছের আলাদা আলাদা অংশ। এসো কোনটা কী তা একটু চিনে নিই।

আমাদের প্রধান খাদ্য হলো ধান, গম, ভুট্টা আর নানা রকমের ডাল। এসব হলো গাছের বীজ। এইসব বীজের ভেতরের অংশটা আমাদের খাদ্য। ভুট্টা ছাড়া বাকিগুলো আমরা সেস্ব করে খাই।

তোমরা নানান রকমের সবজি চেনো। এর মধ্যে আছে সজনে ডাঁটা, উচ্ছে, করলা, পটল, ঝিঙে, ট্যাঁড়শ, কুমড়ো, লাউ, বেগুন। এসব হলো গাছের ফল। দেখো আম, পেয়ারা, আপেল, কমলালেবুও গাছের ফল। কিন্তু তার সঙ্গে এই সব সবজির একটা তফাৎ আছে। সবজিগুলো আমরা রান্না করে খাই। কাঁচা নয়। আমরা আম, লিচু, পেয়ারা, আপেল, কমলালেবু কিন্তু রান্না না করে খাই। শিম, বরবটি, বীন, কড়াইশুঁটি এসবও হলো গাছের ফল। আমরা শিম, কড়াইশুঁটি, বীন, বরবটির পুরোটো রান্না করে খাই। এবার এসো শাকের কথায় : আমরা খাই নটে শাক, পালং শাক, পুঁই শাক, কলমি শাক, হিঞ্জে শাক, ব্রাসী শাক। এশ্বেত্রে প্রধানত গাছের পাতা, আর কোনো কোনো সময় ডাঁটা বা কাণ্ডও আমাদের খাদ্য।

আমরা কিন্তু গাছের ফুলও খাই। অবাক হচ্ছো? কেন, কুমড়ো ফুল বা বক ফুল ভাজা খাওনি? আর ফুলকপি হলো গাছের কুঁড়ি। পেঁয়াজকলি হলো কুঁড়ির বোঁটা।



ফুলকপি



কুমড়ো ফুল

ওপরের কথা থেকে তোমরা যা শিখলে সেই থেকে কোন গাছের কোন অংশ আমাদের খাদ্য সেটা সারণিতে লেখো।

বীজ	ফল	ফুল	কাণ্ড	পাতা



চাল



গম



ভুট্টা

শাক-সবজি-তরকারি, খাওয়া কেন দরকারী ?

নানানরকম সবজি খেলে নানানরকম উপকার পাওয়া যায়। যেমন ধরো নিমপাতা খেলে চামড়ার নানা সমস্যা, খোস পাঁচড়া হতে বাধা দেয়। আবার ধরো কাঁচকলা বা মোচা রক্তাঙ্কতায় উপকারী। গাজর, বীন, পেঁপেও আমাদের উপকার করে। কিছু কিছু শাক থেকে ওষুধও তৈরি হয়।



পালং শাক



টের্ডশ



গাজর



লেটুস

নানান রকম ফল খেলে শরীরের দরকারি অনেক জিনিস তা থেকে পাওয়া যায়। এই সব দরকারী জিনিস কিন্তু ভাত-রুটি-ডাল থেকে পাওয়া যায় না। বেশির ভাগ ফল সহজে হজম হয়। অসুখ-বিসুখ হলে শরীর অনেক সময় সব খাদ্য হজম করতে পারে না। তখন ফল খেলে ভালো হয়। কিছু ফলে অনেকটা জল থাকে। যেমন ধরো তুমি যখন রসালো ফল খাচ্ছ তখন শাঁসের সঙ্গে তোমার শরীর খানিকটা জলও পেয়ে যায়। নানান রকমের ফলে জলের পরিমাণ নানান রকম—কোনোটায় কম, কোনোটায় বা বেশি। খেজুরে জলের ভাগ কম, কমলালেবুতে তার চেয়ে বেশি। পেটের অসুখে ডাবের জলে উপকার হয়।



আপেল



পাকা পেঁপে



কলা



কমলালেবু



আম

কিছু কিছু গাছের রসও আমরা খাই—যেমন ধরো খেজুরগাছের রস। কোনো কোনো ফল আছে যেগুলো কাঁচা থাকলে আমরা রান্না করে খাই, পাকলে রান্না না করেই খাই। এমন একটা ফল হলো পেঁপে।

গাছের ফল মানেই তা মানুষের খাদ্য তা কিন্তু সবসময় নয়—কিছু কিছু গাছের ফল বিষাক্ত, খেলে শরীর খারাপ হয়। কখনো কখনো তাতে মানুষ মারাও যেতে পারে। তাই অচেনা বুনো ফল খাওয়া উচিত নয়। কোনো কোনো বিষাক্ত ফলের গায়ে কাঁটা থাকে, কোনো কোনো বিষাক্ত ফলের গায়ে কাঁটা থাকে না। বহু দিনের অভিজ্ঞতা থেকে মানুষ কোনটা বিষাক্ত ফল আর কোনটা তা নয় তা চিনতে শিখেছে।

প্রাণীজ আর উদ্ভিজ্জ খাবার

নানান প্রাণীর থেকে আমরা নানান ধরনের খাদ্য পাই যা আমাদের পুষ্টি যোগায়। গোরু আর মোষ থেকে পাই দুধ, ছাগল আর ভেড়া থেকে পাই মাংস। মুরগি আর হাঁস হলো ডিম আর মাংসের উৎস। আর আছে মাছ। প্রাণী থেকে পাওয়া খাদ্যকে বলে প্রাণীজ খাবার। মৌমাছির ফুলের রস থেকে তাদের দেহে মধু তৈরি করে মৌচাকে জমিয়ে রাখে। মধুও প্রাণীজ খাদ্য।

খাদ্যের জন্য এইসব প্রাণীদের আমরা নানানভাবে পালন করি। পালন করা মানে কী? পালন করা মানে সেই সব প্রাণীদের

খেতে দেওয়া, নানান অসুখ থেকে, বাড়ঝাপটা থেকে তাদের বাঁচানো আর তাদের বাড়তে দেওয়া। অনেক সময়ই বাড়িতে গোরু, মোষ, হাঁস, মুরগি পোষা হয়; পুকুরে মাছ রাখা হয়। কিন্তু অনেকটা বড়ো পুকুরে বা ভেড়িতে মাছ পালন করলে তাকে বলা হয় মাছ চাষ করা। তেমনি পোলট্রিতে অনেক মুরগি পালন করা হয়। মৌমাছিও বিশেষ উপায়ে পালন করা হয়। সেসব কথা আমরা পরে আবার জানব।

দুধ থেকে তৈরি হয় নানান খাদ্য—দই, ছানা, পনীর সেসবও প্রাণীজ খাদ্য। সেইসব খাদ্যও আমাদের পুষ্টি জোগায়।

প্রাণীর থেকে পাওয়া খাদ্যকে যেমন বলে প্রাণীজ খাবার তেমনি উদ্ভিদ থেকে পাওয়া খাদ্যকে বলা হয় উদ্ভিজ্জ খাবার। চাল, গম, ভুট্টা, ফল, সবজি এসবই হলো উদ্ভিজ্জ খাবার। উদ্ভিজ্জ খাবারও আমাদের পুষ্টি জোগায়।

নানান রকমের প্রাণীজ খাদ্য



মাছ



মুরগির মাংস



পাঁঠার মাংস



ডিম

নানান রকমের উদ্ভিজ্জ খাদ্য



চাল



গম



কড়ইশুঁটি



আনারস

ভাজা খাবার

এখন নানান রকমের ভাজা খাবার কিনতে পাওয়া যায়। এর মধ্যে আছে চানাচুর, নিমকি, পট্টেটো চিপস, ঝুরিভাজা, বাদামভাজা এইসব। এই খাবারগুলোর সবই তেলে ভেজে তারপরে প্যাকেটে ভরা হয়। শুকনো অবস্থায় এগুলো কিছুদিন ভালো থাকে। এই ধরনের খাবারকে বলে 'তৈরি খাবার'। তেলে বা ঘিয়ে ভাজা নানান রকমের মিস্তিও তৈরি খাবার। কখনো প্যাকেটে তারিখ দিয়ে লেখা থাকে কত দিনের মধ্যে খেতে হবে। এইসব খাবার কেনার সময় ওই তারিখটা দেখে তবেই কেনা উচিত। বাড়িতে চপ, ফুলুরি, বেগুনি, পিঠে এসবও তেলেই ভাজা হয়। এসব জিনিস দু-একদিন থাকে, তবে টাটকা খাওয়াই ভালো। তবে এসব ভাজা খাবার দুধ, মাছ, ডিমের মতো পুষ্টিকর খাবার নয়।

কোন ভাজা খাবার কী দিয়ে তৈরি হয় দেখো।

খাবার	প্রধানত কী দিয়ে তৈরি হয়
১. চানাচুর	ডাল আর চিনেবাদাম
২. নিমকি	ময়দা
৩. চিপস	আলু
৪. পিঠেভাজা	চালের গুঁড়ো

রান্না করতে জ্বালানি চাই

অনেক হাজার বছর আগের মানুষ আগুনের ব্যবহার শেখেনি, তখন তারা সবই কাঁচা খেত। পরে আগুন জ্বালাতে আর আগুনের ব্যবহার করতে শিখল মানুষ। আজকের দিনে আমরা কত রকমভাবে আগুন জ্বালিয়ে রান্না করি। মাটির উনুনে ব্যবহার করা হয় কয়লা বা কাঠকুটো। স্টোভে কেরোসিন আর গ্যাসের উনুনে গ্যাস পুড়িয়ে রান্না করা হয়। এসব জ্বালানি পুড়লে অনেক তাপ পাওয়া যায়। সেই তাপে জল ফুটিয়ে ভাত, ডাল, সবজি, মাংস এসব সেদ্ধ হয়। সেই তাপেই খাবার ভাজা হয়, রুটি সঁকা হয়। আগুন জ্বালাতে আমরা কখনো দেশলাই, কখনো লাইটার আবার কখনো গ্যাস লাইটার ব্যবহার করি।



কাঠের উনুন ও কয়লার উনুন



কেরোসিন স্টোভ



গ্যাস ওভেন

কী করে রান্না হয় ? এসো পদ্য দিয়ে পড়ি।

তেল, কয়লা কিংবা গ্যাসে,
আগুন যখন জ্বলে,
তাপ পেয়ে জল ফুটতে থাকে,
রান্না তাতেই চলে।



চাল ফুটে ভাত নরম হলো
রোজই এমন ঘটে।
আগুন জ্বালা সামান্য নয়
মস্ত ব্যাপার বটে!

রান্না করার বাসন চাই

রান্না করতে বাসনপত্র চাই, কিন্তু কী দিয়ে তৈরি হবে সেসব? এখন রান্নার বাসনের বেশিরভাগই তৈরি হয় লোহা আর অ্যালুমিনিয়াম দিয়ে। লোহা, অ্যালুমিনিয়াম, কাঁসা, পিতল, তামা এসব হলো ধাতু। তোমরা এসব ধাতুর তৈরি বাসনপত্র দেখেছ। অনেক বছর আগে মানুষ কিন্তু ধাতুর ব্যবহার তত জানত না। তখন রান্নার বাসনপত্র হত পোড়ামাটির। কুমোরের চাকায় কাঁচা মাটির বাসন তৈরি করে মানুষ আগুনে পুড়িয়ে পোড়া মাটির হাঁড়ি, থালা এসব তৈরি করত। এখনও আমরা মিস্তির দোকানে গেলে পোড়ামাটির হাঁড়ি আর ভাঁড় দেখতে পাই।



কুমোরের চাকায় কাঁচা মাটির ভাঁড় তৈরি হচ্ছে

চলল খাবার দেশ-বিদেশে

আজ আমরা যেসব শাকসবজি, ফল দেখি তার কিছু কিছু অন্য দেশ থেকে প্রথম এদেশে এসেছিল। এখন এ দেশেই তার চাষ হয়। তবে শুধু তাই নয়, এদেশ থেকে অন্য দেশেও কিছু কিছু খাবার গেছে। নীচের সারণিতে সেইসব কথা বলা হলো।

অন্য দেশ থেকে আমাদের দেশে এসেছে	এ দেশ থেকে অন্য দেশে গেছে
আলু	আম
আনারস	গোলমরিচ
টম্যাটো	
লঙ্কা	



তোমাদের মনে প্রশ্ন আসতে পারে যে আমাদের দেশ আর অনেক দূরের দেশের মধ্যে তো সমুদ্র। সমুদ্র পেরিয়ে সেসব খাবার গেল-এলো কী করে? মানুষ যখন জাহাজ তৈরি করতে শিখল তখন জাহাজে করেই এক দেশ থেকে অন্য দেশে যেতে আসতে পারল। তাদের সঙ্গেই সেইসব শাকসবজি, ফলমূলের আদান-প্রদান ঘটল।

পশুপালন আর আগুনের ইতিহাস

আজ আমরা যত সহজে ভাতের চাল পাই, অনেক হাজার বছর আগে লোকে তা পেত না। তখন মানুষ নদীর ধারে বসতি তৈরি করত। নদী থেকে তারা পেত খাবার জল। নদীতে মাছ ধরত, কোথাও শিকার করত নানা রকম জলচর পাখি। অন্য জলা জায়গাও ছিল, সেখানে মাছ, কচ্ছপ এসব পাওয়া যেত। বনের জীবজন্তু শিকার করে মাংস পাওয়া যেত। লাঠি, পাথর দিয়ে পশু শিকার

করত। তির-ধনুক, বন্দুকের ছিল না। বনের ফলমূল কুড়িয়ে আনত। গাছ থেকে পেড়ে আনত। যখন যা পেত তাই খেত।

তখন মানুষ গোরু-ছাগল, হাঁস-মুরগি পুষত না। কোন জন্তু পোষ মানবে তা তো বোঝেনি। সেটা বুঝতে পারার পর পশুপালন শুরু হয়। ধীরে ধীরে মানুষ গোরু, ছাগল, ভেড়া এসব পোষ মানাতে শিখেছিল, তবে তাতেও অনেক সময় লেগেছে।

মানুষ প্রথমে আগুনের ব্যবহার জানত না। তখন সবই কাঁচা খেত। পরে আগুনের ব্যবহার শিখল। তখন কিছু কিছু জিনিস আগুনে পুড়িয়ে খেত। তোমরা বলবে ‘মানুষ তখন আগুন জ্বালাত কী করে? তখন দেশলাই তো ছিল না!’ প্রথম দিকে মানুষ আগুন জ্বালাতে পারত না। বাড় হলে বনের গাছের শুকনো ডালে ডালে ঘষা লাগত। আগুন জ্বলে যেত। সেই কাঠ এনে রাখত। একটা কাঠ



প্রাচীন মানুষ লোমশ হাতি (ম্যামথ) শিকার করছে

থেকে আর একটা কাঠ ধরিয়ে নিত। নিভে গেলে আর জ্বালতে পারত না। অপেক্ষা করত। কবে আবার জ্বলন্ত কাঠ পাবে।

মনে রাখা জরুরি :

- ধান, গম, ভুট্টা হলো গাছের বীজ।
- ভাত-মুড়ি-খই-চিঁড়ে-রুটি এসব খাবার হজম করতে লালা খুব দরকারী।
- নানা রকমের ছাতা বা ছত্রাক আর কিছু খালি চোখে দেখা যায় না এমন ছোটো ছোটো জীব খাবারকে নষ্ট করে দেয়। এমন খাবার খেলে শরীর খারাপ হতে পারে।
- নানান রকম ফল খেলে শরীরের দরকারী অনেক জিনিস তা থেকে পাওয়া যায়। এই সব দরকারী জিনিস কিন্তু ভাত-রুটি-ডাল থেকে পাওয়া যায় না।
- জ্বালানি পুড়লে অনেক তাপ পাওয়া যায়। সেই তাপে জল ফুটিয়ে ভাত, ডাল, সবজি, মাংস এসব সৈন্দ্র হয়।

তোমরা এই বিষয়ে তৃতীয় শ্রেণির 'খাদ্য' অধ্যায়ে বিস্তারিতভাবে জানবে।

নমুনা প্রশ্ন

১. ঠিক উত্তরটি বেছে নাও :

১.১ ধানের যে অংশটি মানুষের খাদ্য সেটি হলো — (ক) বীজ (খ) খোসা (গ) কাণ্ড (ঘ) পাতা।

১.২ একটি পুষ্টিকর খাদ্য হলো — (ক) নিমকি (খ) চানাচুর (গ) দুধ (ঘ) তেলেভাজা।

২. শূন্যস্থান পূরণ করো :

২.১ পেঁয়াজকলি হলো _____ বোঁটা।

২.২ কমলালেবুর _____ মানুষের খাদ্য নয়।

৩. ঠিক বাক্যের পাশে '✓' আর ভুল বাক্যের পাশে 'x' চিহ্ন দাও :

৩.১ নদীর কাছে ঘরবাড়ি করলে খাবার জল পেতে সুবিধা হতো।

৩.২ ধান হলো গাছের বীজ।

৪. একটি বাক্যে উত্তর দাও :

৪.১ আগুনের ব্যবহার শেখার পর মানুষ কীভাবে মাংস খেতো?

৪.২ কুমোর কীসের সাহায্যে মাটির হাঁড়ি তৈরি করেন?

৫. একটি বা দুটি বাক্যে উত্তর দাও :

৫.১ জিভের জলের কাজ কী?

৫.২ চানাচুর তৈরি করতে কী কী লাগে?

৫.৩ অন্য দেশ থেকে এদেশে এসেছে এমন দুটো খাবারের নাম লেখো।

নমুনা প্রশ্নপত্র ১

১. ঠিক উত্তর নির্বাচন করো :

থাবারের স্বাদ বুঝতে পারা যায় যে ইন্দ্রিয়ের সাহায্যে সেটি হলো — (ক) চোখ (খ) কান (গ) জিভ (ঘ) নাক।

২. শূন্যস্থান পূরণ করো :

২.১ চামড়া আমাদের একটি _____।

২.২ কাঁচকলা _____ সমস্যায় উপকারী।

৩. ঠিক বাক্যের পাশে '✓' আর ভুল বাক্যের পাশে 'x' চিহ্ন দাও :

৩.১ ব্যায়াম করলে শরীরের হাড়ের জোড়ের নাড়াচাড়া হয়।

৩.২ লোহার বাসন তৈরি করতে কুমোরের চাকা লাগে।

৪. একটি বাক্যে উত্তর দাও :

৪.১ গন্ধ কোন ইন্দ্রিয়ের সাহায্যে বুঝতে পারো?

৪.২ “কিছু গাছের রসও আমাদের খাদ্য”— একটি উদাহরণ দাও।

৫. একটি বা দুটি বাক্যে উত্তর দাও :

৫.১ কীভাবে দাঁত মাজা উচিত?

৫.২ ফল খেলে কী কী উপকার পাওয়া যায়?

৬. দুটি বা তিনটি বাক্যে উত্তর দাও :

৬.১ ব্যাডমিন্টন খেললে শরীরের কোন কোন হাড়ের জোড়ের নাড়াচাড়া হয়?

৬.২ আগেকার দিনে লোকেরা নদীর কাছে থাকত কেন?

তোমরা এই বিষয়টি পড়ার পর :

- বিভিন্ন ধরনের পোশাক চিনতে পারবে।
- ঋতু বদলের সঙ্গে পোশাকের সম্পর্ক লিখতে পারবে।
- পোশাক তৈরির বিভিন্ন উপাদানের নাম বলতে পারবে।
- সময়ের সঙ্গে পোশাকের ধরন কীভাবে বদলে গেছে তা আলোচনা করতে পারবে।

তোমাদের প্রত্যেকেরই স্কুলে পরার জন্য একটা নির্দিষ্ট পোশাক আছে। খেলোয়াড়রা মাঠে খেলার সময় একটা নির্দিষ্ট পোশাক (জার্সি) পরে খেলেন। আবার বিভিন্ন পেশার সঙ্গে যুক্ত মানুষরা একটা নির্দিষ্ট পোশাক পরে কাজে যান। এসো এবার জেনে নিই বিভিন্ন পেশার সঙ্গে যুক্ত মানুষরা কী কী ধরনের পোশাক পরেন—

নানা পেশায় নানান পোশাক

- ◆ হাসপাতালে ডাক্তারবাবুরা সাদারঙের যে বিশেষ পোশাক পরেন তা হলো অ্যাপ্রন।
- ◆ নার্সরা পরেন সাদা শাড়ি বা স্কার্ট।
- ◆ পুলিশরা পরেন খাকি রঙের পোশাক। আবার অনেক পুলিশকে আমরা সাদা রঙের পোশাকেও দেখি।

তাহলে তোমরা বুঝতে পারলে কে কোন পেশার সঙ্গে যুক্ত তা পোশাক দেখে কীভাবে চিনবে।

নীচের ছবিগুলি দেখে কে কোন পেশার মানুষ তা ছবির নীচের বাক্সে লেখো।





ঋতু বদল পোশাক বদল



সোয়েটার



বর্ষাতি

ঋতু বদলের সঙ্গে সঙ্গে পোশাকেও বদল আসে। গরমকালে আমরা সুতির হালকা পোশাক পরি। শীতের সময় তোমরা নানারকম সোয়েটার পরে স্কুলে যাও। বড়োরা চাদর গায়ে দেন। আবার বর্ষাকালে আমরা বর্ষাতি ব্যবহার করি। এটি বিশেষ ধরনের সিন্থেটিক পোশাক যা আমাদের বৃষ্টির জল থেকে বাঁচায়। এই সময় অনেক মহিলারা সিন্থেটিক শাড়ি পরেন। এই শাড়ি তাড়াতাড়ি শুকিয়ে যায়, আবার কাচলে কুঁচকায় না।

নীচের সারণিতে কোন ঋতুতে কোন পোশাক ব্যবহার করা হয় তা লেখো।

ঋতুর নাম	কী ধরনের পোশাক
১. গ্রীষ্মকাল	
২. বর্ষাকাল	
৩. শীতকাল	

পোশাকের নানা উপাদান এবং পোশাক তৈরি

বিভিন্ন পোশাক বিভিন্ন উপাদান দিয়ে তৈরি হয়। এসো এবার জেনে নিই পোশাক তৈরির সেইসব উপাদানের কথা —

◆ সুতির পোশাকের কথা

সুতির কাপড় বানানোর জন্য যে সুতি লাগে তা আসে কার্পাস তুলো থেকে। জমিতে কার্পাস তুলোর চাষ করা হয়। এই তুলোর সুতো থেকেই সুতির পোশাক তৈরি করা হয়। এই সুতি থেকে গামছাও বোনা হয়।

◆ সিন্থেটিক পোশাক আর সোয়েটার

মনে রেখো, সুতির পোশাকের উপাদান (কার্পাস তুলো) প্রকৃতি থেকে পাওয়া গেলেও সিন্থেটিক সুতো মানুষ তৈরি করে। মাটির নীচে পাওয়া যায় খনিজ তেল। এই তেলকে শোধন করে নানা প্রক্রিয়ার মধ্য দিয়ে সিন্থেটিক সুতো তৈরি করা হয়। এই




সুতো থেকে বড়ো বড়ো কারখানায় থান কাপড় বোনা হয়। সিন্থেটিক সুতো দিয়ে বানানো হয় সিন্থেটিক শাড়ি, প্যান্ট-জামা, আরও নানাধরনের পোশাক। ভেড়ার লোম, ছাগলের লোম থেকে পশম (উল) তৈরি হয়। এই পশম থেকেই বানানো হয় সোয়েটার। তবে বর্তমানে তোমরা যে সোয়েটার পরে থাকো তার বেশিরভাগই সিন্থেটিক উল বা ক্যাশমিরন দিয়ে বোনা হয়।

পোশাক তৈরির উপাদানগুলি কীভাবে পাওয়া তা নীচের সারণিতে লেখো।

পোশাক তৈরির উপাদান	কীভাবে তা পাওয়া যায়
উল	
সুতি	
সিন্থেটিক সুতো	

নানাধরনের পোশাক যাঁরা বানান তাঁদের বলে দর্জি। দর্জির দোকানে লোকেরা এসে থান কাপড় আর গায়ের মাপ দিয়ে যান। মাপ মতন কাপড় কেটে দর্জি আমাদের পছন্দের পোশাক তৈরি করে দেন।




কাপড় তৈরির কারখানা



দর্জি পোশাক বানান

অতীতের পোশাক

তোমরা যেসব পোশাকের কথা জানলে আজ থেকে বহু বছর আগে এসব কিছুই ছিল না। মানুষ যখন আগুন জ্বালাতে শেখেনি তখন সে গাছের ছাল, লতা-পাতা, পশুর চামড়া ব্যবহার করত পোশাক হিসেবে।



গাছের ছাল, পাতা ও পশুর চামড়া


তোমরা নিশ্চয়ই ভাবছ সেলাই করত কীভাবে ?

পশুর চামড়া ধুয়ে শুকিয়ে নিত। গাছের শক্ত আঁশ হতো সুতো। আর মৃত পশুর সরু হাড়কে কাঠির মতো ব্যবহার করত। এই সুতো আর কাঠি দিয়েই মোটামুটি বুনে নিত তাদের পোশাক। এছাড়াও শন গাছের শক্ত আঁশ বুনেও তারা পরত।

পশু-পাখিদের পোশাকের কথা

অনেকেই দেখেছ, শীতকালে পোষা প্রাণীদের আমরা জামা পরিয়ে রাখি। যেমন—গরুদের চটের জামা পরানো হয়। ফলে ওদের শীতও কম লাগে, আবার মশার কামড় থেকেও রক্ষা পায়। বিড়াল, কুকুরদেরও আমরা শীতকালে অনেক সময় জামা পরিয়ে রাখি।

শীতকালে অনেক পাখিরা পালক ফুলিয়ে তাদের গা গরম করে রাখে।



নীচের সারণিতে বিভিন্ন প্রাণী কীভাবে শীতকালে তাদের গা গরম রাখে তা বলা হয়েছে। বর্ণনা থেকে প্রাণীটিকে শনাক্ত করো।

কীভাবে শীতকালে গা গরম রাখে	প্রাণীটি কী
পালক থাকার জন্য গা গরম থাকে	
গায়ে ঘন লোম থাকে বলে গা গরম থাকে	
গরম জামা তৈরি করে ব্যবহার করে	

মনে রাখা জরুরি :

- হাসপাতালের ডাক্তারবাবুদের সাদা রঙের যে বিশেষ পোশাক পরেন তাকে বলে অ্যাপ্রন।
- মাটির নীচের খনিজ তেল শোধন করে নানা প্রক্রিয়ার মাধ্যমে মানুষ যে সুতো তৈরি করে তাকে বলে সিন্থেটিক সুতো।

তোমরা এই বিষয়ে তৃতীয় শ্রেণির 'পোশাক' অধ্যায়ে বিস্তারিতভাবে জানবে।

নমুনা প্রশ্ন

১. শূন্যস্থান পূরণ করো :

ভেড়ার লোম থেকে _____ তৈরি হয়।

২. ঠিক বাক্যের পাশে '✓' আর ভুল বাক্যের পাশে 'x' চিহ্ন দাও :

২.১ হাসপাতালে ডাক্তার থাকি রঙের জামা পরেন।

২.২ খেলার সময় খেলোয়াড় জার্সি পরেন।

৩. একটি বাক্যে উত্তর দাও :

বর্ষাকালে বৃষ্টির হাত থেকে বাঁচতে ছাতা ছাড়া আমরা কোন বিশেষ ধরনের পোশাক ব্যবহার করি?

৪. একটি বা দুটি বাক্যে উত্তর দাও :

মানুষ যখন আগুন জ্বালাতে শেখেনি তখন তারা কী পোশাক পরতো?

তোমরা এই বিষয়টি পড়ার পর :

- মানচিত্রের বিভিন্ন দিকগুলো নির্ণয় করতে পারবে।
- বাড়ির ও স্কুলের জিনিসপত্রের মধ্যে মিল ও অমিল চিহ্নিত করতে পারবে।
- বাড়ির কত রকমের দেয়াল ও চাল হয় তা বর্ণনা করতে পারবে।
- যাযাবর জীবন ও খোলা আকাশের নীচে বসবাস বর্ণনা করতে পারবে।

সহজ একটা মানচিত্র

ম্যাপ কথাটা ইংরাজি। এর বাংলা হলো মানচিত্র। নীচের মানচিত্রটা দেখো। ওটা আমাদের রাজ্যের ম্যাপ। কোনটা কোন জেলা তা এক একটা আলাদা রং দিয়ে দেখানো আছে। **উত্তর দিকটাকে মানচিত্রের উপরের দিকে দেখাতে হয়।**



মনে করো এই চারকোণা বাস্তুটি তোমাদের পাড়া। ওর ঠিক মাঝখানে তোমাদের বাড়ি। এবার নীচের নির্দেশ মতো চিহ্নগুলোকে ঠিক ঠিক জায়গাতে বসাও।

উত্তর
পশ্চিম —+— পূর্ব
দক্ষিণ



তোমাদের বাড়ি

তোমাদের বাড়ির :

পূর্বদিকে একটি খেলার মাঠ




উত্তরদিকে তোমাদের স্কুল



দক্ষিণদিকে একটি রাস্তা



পশ্চিমদিকে একটা পুকুর



মিল-অমিল

বাড়ির জিনিসপত্র আর স্কুলের জিনিসপত্র আলাদা। স্কুলে বেঞ্চ আছে, বোর্ড-চক-ডাস্টার আছে। বাড়িতে তা নেই। আবার বাড়িতে খাট-বিছানা, আলনা আছে। স্কুলে সেসব নেই।




তোমরা স্কুলের পাঁচটা জিনিসপত্র আর বাড়ির পাঁচটা জিনিসপত্রের একটা তালিকা তৈরি করো।

স্কুলের জিনিসপত্র	বাড়ির জিনিসপত্র

তোমাদের স্কুল ঘর পাকা। ইট, বালি, সিমেন্ট দিয়ে তৈরি। কিন্তু আগেকার দিনের অনেক স্কুলই ছিল মাটির।

এখনও অনেকে মাটির বাড়িতে থাকেন। অনেক বাড়ি আছে যা দরমা দিয়ে ঘেরা। কঞ্চির বেড়া তৈরি করে তার উপর মাটি লেপেও দেয়াল তৈরি করা হয়। তাকে বলে ছিটে বেড়ার দেয়াল। একরকম পাতা সাজিয়ে সাজিয়েও ঘরের চাল করা হয়।

তাহলে দেখলে বাড়ির কতরকমের দেয়াল আর চাল হয়।



খোলা আকাশের নীচে

অনেক কাল আগেকার মানুষ কোথায় থাকত জানো? তখন মানুষ গুহায় থাকত। এখনকার মতো ঘরবাড়ি ছিল না।

গুহাতেও শান্তি ছিল না। কিছুদিন পরে সেখানে খাবার ফুরিয়ে যেত। তখন অন্য জায়গায় চলে যেতে হত। এভাবে ঘুরে বেড়ানোর জীবনকে বলে যাযাবর জীবন।



অল্প কিছু জিনিসপত্র আর পোষা পশুদের নিয়ে বেরিয়ে পড়ত তারা। খোলা আকাশের তলায় থাকত তারা। গাছতলায়ও থাকত। ছোটোখাটো গুহা পেলে থাকত।

আবার তাঁবুতেও থাকত তারা। পশুদের চামড়া জুড়ে তাঁবু তৈরি করত। বাচ্চাদের তাঁবুর ভিতর রাখত। আর বড়োরা বাইরে পালা করে পাহারা দিত। যাতে অন্য দলের মানুষরা এসে ছাগল-ভেড়া নিয়ে যেতে না পারে। তাছাড়া বাঘ-সিংহের ভয় ছিল।



ওইসব গুহা বা বন-জঙ্গল বাঘ-সিংহদেরও থাকার জায়গা।



মনে রাখা জরুরি :

- মানচিত্রের উপরের দিকটা সবসময়ই উত্তর দিক হবে।
- বাড়ির জিনিসপত্র ও স্কুলের জিনিসপত্র আলাদা।
- বাড়ির অনেক রকমের দেয়াল আর চাল হয়।
- পুরোনো দিনের মানুষেরা যাযাবর জীবনযাপন করত।

তোমরা এই বিষয়ে তৃতীয় শ্রেণির 'ঘরবাড়ি' অধ্যায়ে বিস্তারিতভাবে জানবে।

নমুনা প্রশ্ন

১. ঠিক উত্তরটি বেছে নাও :
মানচিত্রের উপরের দিকটি হলো — (ক) উত্তর (খ) দক্ষিণ (গ) পূর্ব (ঘ) পশ্চিম।
২. শূন্যস্থানটি পূরণ করো :
একরকম পাতা সাজিয়ে ঘরের _____ তৈরি করা হয়।
৩. ঠিক বাক্যের পাশে '✓' আর ভুল বাক্যের পাশে 'x' চিহ্ন দাও :
গুহা বা বন-জঙ্গল বাঘ-সিংহদের থাকার জায়গা।
৪. একটি বা দুটি বাক্যে উত্তর দাও :
 - ৪.১ যাযাবর জীবন কী?
 - ৪.২ পুরোনো দিনের মানুষেরা কোথায় থাকতেন?

নমুনা প্রশ্নপত্র ২

১. ঠিক উত্তর নির্বাচন করো :

কঞ্চির বেড়া তৈরি করে তার উপর মাটি লেপে তৈরি হয় — (ক) দরমা বেড়ার দেয়াল (খ) ছিটে বেড়ার দেয়াল (গ) ইটের দেয়াল (ঘ) মাটির দেয়াল।

২. শূন্যস্থান পূরণ করো :

২.১ পুরোনো দিনের মানুষেরা পশুদের চামড়া জুড়ে _____ তৈরি করত।

২.২ সুতো দিয়ে _____ কাপড় তৈরি হয়।

৩. ঠিক বাক্যের পাশে '✓' আর ভুল বাক্যের পাশে 'x' চিহ্ন দাও :

৩.১ বাড়ির অনেক রকমের দেয়াল ও চাল হয়।

৩.২ পুরোনো দিনের মানুষেরা যাযাবর জীবনযাপন করত।

৩.৩ রাস্তায় ট্রাফিক পুলিশ ধুতি-পাঞ্জাবি পরে যান নিয়ন্ত্রণ করেন।

৪. একটি বাক্যে উত্তর দাও :

৪.১ পাকা ঘর তৈরি করতে কী কী প্রয়োজন?

৪.২ কেন শীতকালে সোয়েটার পরা হয়?

৫. একটি বা দুটি বাক্যে উত্তর দাও :

৫.১ স্কুলে দেখতে পাও এমন দুটি জিনিসের নাম লেখো।

৫.২ হাসপাতালে নার্সদের রোগী ও রোগীর আত্মীয়পরিজন থেকে আলাদা করে কীভাবে চেনা যাবে?

৬. দুটি বা তিনটি বাক্যে উত্তর দাও :

৬.১ গুহাতে বসবাসের সময় মানুষের সমস্যা কী ছিল?

৬.২ বিভিন্ন পেশার লোকেরা বিভিন্ন ধরনের পোশাক কেন পরেন উদাহরণ দিয়ে বুঝিয়ে লেখো।

মুদ্রক
ওয়েস্ট বেঙ্গল টেক্সট বুক কর্পোরেশন লিমিটেড
(পশ্চিমবঙ্গ সরকারের উদ্যোগ)
কলকাতা-৭০০ ০৫৬